গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৪.২০২৩ (অংশ-১)/ তারিখ: ১৪/০৬/২০২৩ খ্রি:।

বিষয় ঃ- অনাপত্তি (NOC) প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ মেসার্স সাবের ট্রেডার্স লিঃ এর ০১/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রে উল্লিখিত তথ্য অনুযায়ী, মেসার্স সাবের ট্রেডার্স লিমিটেড, ঠিকানাঃ বাড়ি নং-২৫, রোড নং-১০, গুলশান এভিনিউ, ঢাকা (বন্ড লাইসেন্স নং-৪/কাস-এসবিডব্লিউ/১৯৮২, তারিখঃ ১৬/০২/১৯৮২ খ্রিঃ) এর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-২২/২০২২/কাস্টমস/১৮৪ তারিখ ঃ ২৬/০৫/২০২২ খ্রি: অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা ১২.৪৫ লক্ষ (বার লক্ষ পয়তাল্লিশ হাজার) মার্কিন ডলার নির্ধারন করা হয়েছিল। কিন্তু জাতীয় রাজস্ব বোর্ড থেকে অ্যালকোহল জাতীয় পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের প্রেক্ষিতে চট্টগ্রাম শুল্ক বন্দর থেকে আমদানিকৃত পণ্য চালান সমূহ ঘোষিত মূল্যে ছাড় প্রদান না করে বর্ধিত মূল্যে শুল্কায়নপূর্বক কর্তন করায় প্রতিষ্ঠানের ২০২২-২০২৩ অর্থ বছরের নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতা শেষ হয়ে গিয়েছে। এ প্রেক্ষিতে বিদেশী ডিপ্লোমেট ও বিশেষ সুবিধা প্রাপ্ত ব্যক্তিদের চাহিদা অনুযায়ী পণ্যসামগ্রী সরবরাহ করার নিমিত্তে চট্টগ্রাম বন্দরে অপেক্ষমান নিম্নবর্ণিত পণ্যচালানসমূহ প্রত্যয়নপত্রের ভিত্তিতে খালাসের জন্য আবেদন জানানো হয়েছেঃ

Sl. No.	Bill of Entry No. & Date	Invoice No. & Date	B/L No. & Date	Name of Goods & Quantity	Invoice Value	Port of Delivery
1)	C-800953 dt. 24/05/2023	TMT31032023-1 dt. 30-04-2023	OOLU2717545150 dt. 30-04-2023	1179 c/s.Whisky, Vodka & Gin	USD 36,779.40	Custom House, Chattagram
2)	C-800961 dt. 24/05/2023	TMT19042023-3 dt. 30-04-2023	OOLU2717602908 dt. 30-04-2023	950 c/s.Whisky	USD 30,350.00	
3)	C-800957 dt. 24/05/2023	TMT31032023-2 dt. 30-04-2023	OOLU2717602909 dt. 30-04-2023	892 c/s.Whisky	USD 23,974.00	
4)	C-815884 dt. 27/05/2023	TMT19042023-4 dt. 30-04-2023	OOLU2717998999 dt. 30-04-2023	962 c/s. Whisky, Liqueur	USD 23,692.00	
5)	C-836804 dt. 30/05/2023	Inv.No.22112211 dt. 15-03-2023	HAMCGPN00342 dt. 26-03-2023	759 c/s.Whisky, Vodka & Gin	USD 23,623.10	
6)	C-920266 13/06/2023	Inv.No.25042023 dt. 02-02-2023	OOCOSIN230021000 dt. 20-05-2023	966 c/s. Whisky, Vodka & Gin	USD 19,124.57	
7)	C-920341 13/06/2023	Inv.No.38001029 YH dt. 23-05-2023	BCC0197900 dt. 25-05-2023	2250 c/s.Beer	USD 11,250.00	

০৩। বর্ণিতাবস্থায়, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উপরোল্লিখিত পণ্যচালানসমূহ প্রত্যয়নপত্রের ভিত্তিতে খালাসের জন্য অনুমতি প্রদান করা হ'ল:

শর্ত সমূহ :

ক। আরোপণীয় শুল্ক-করাদির দ্বিগুন পরিমাণ মূল্যের Duty Bond ও Risk Bond/যথাযথ নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল করতে হবে;

খ। আমদানিকৃত পণ্য যথাযথভাবে ভাবে বন্ড রেজিস্টারে ইন্টু বন্ড ও এক্স বন্ড করতে হবে;

গ। আলোচ্য ইনভয়েসসমূহ শুল্ক স্টেশন কর্তৃক ধার্যকৃত শুল্কায়ন মূল্যে পরবর্তী ২০২৩-২০২৪ অর্থবছরের আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজন করা হবে; এবং

ঘ। বর্তমান অর্থবছরে প্রত্যয়নপত্রের ভিত্তিতে আর কোন পণ্যচালান খালাসের অনুমতি প্রদান করা হবে না।

নাজমুন নাহার
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক :

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স সাবের ট্রেডার্স লিমিটেড, বাড়ি নং-২৫, রোড় নং-১০
গুলশান এভিনিউ, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৪.২০২৩ (অংশ-১)/ ২৬৬ তারিখ: ১৪/০৬/২০২৩ খ্রি:।

অনুলিপি:

১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।
৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে আপলোড এবং ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেমে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো)।
৫। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬-৭। অফিস কপি/গার্ড কপি।

১৪/০৬/২০২৩

নাজমুন নাহার
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com